

নম্বর: ৩৭.০০.০০০০.১২৫.০২.০০১.২১.২০

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪৩০

১৭ মে ২০২৩

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর অর্থাৎ ০১ জুলাই ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির অনুমোদন।

সূত্র: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পত্র নং-২১.০০.০০০০.১৫৪.১৪.০৮১.১৮.-১৩৭; তারিখ: ২৩/০৩/২০২৩ খ্রি.

আমি নিম্নস্বাক্ষরকারী, নির্দেশক্রমে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন “শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ বছর অর্থাৎ ০১ জুলাই ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০২২ এর পরিবর্তে ০১ জুলাই ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করছি। প্রকল্পটির অনুমোদিত মোট প্রাক্কলিত ব্যয় ৯৮৭ কোটি ৭৯ লক্ষ টাকা অপরিবর্তিত থাকবে। উল্লেখ্য, আলোচ্য বিষয়ে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন করতে হবে।

শর্তাবলী:

ক) প্রকল্পের বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে প্রস্তাবিত বর্ধিত মেয়াদ ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে প্রকল্পের কম গুরুত্বপূর্ণ অঙ্গগুলো বাদ দিয়ে PWD রোট সিডিউল- ২০২২ অনুযায়ী ডিপিপি সংশোধন করতে হবে:

খ) প্রকল্পের “পিডব্লিউ-১০ ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক বিভাগ (আর্কিটেকচার, সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, ওশানোগ্রাফি, বিশ্ববিদ্যালয় গবেষণা কেন্দ্র) সমূহের জন্য ১০ তলা একাডেমিক ভবন-১ নির্মাণ” এবং “পিডব্লিউ ১১ ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক বিভাগ (মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং) সমূহের জন্য ১০ তলা একাডেমিক ভবন- ২ নির্মাণ” শীর্ষক প্যাকেজ দুইটি মূল্যায়নপূর্বক অনতিবিলম্বে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং সিসিজিপি কর্তৃক অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে:

গ) প্রকল্পটির প্রস্তাবিত বর্ধিত মেয়াদে আরডিপি প্রণয়নের লক্ষ্যে এবং বর্তমান চলমান কার্যক্রমকে গতিশীল করার নিমিত্ত মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিতকরণসহ নির্মাণ কাঙ্ক্ষিত গুণগতমান বজায় রাখতে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে:

ঘ) সংশোধিত ডিপিপি প্রণয়নে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বিশ্ববিদ্যালয়ের ভৌত মাস্টার প্লানের সাথে একাডেমিক মাস্টার প্লান বিবেচনায় নিতে হবে:

ঙ) যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে এক অঞ্জের অর্থ অন্য অঞ্জে ব্যয় করা যাবে না এবং অঞ্জাভিত্তিক সংখ্যা/ পরিমাণ ও ব্যয়ের কোন পরিবর্তন করা যাবে না।

চ) উপরোল্লিখিত "ক" থেকে "ঙ"এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করতে হবে।

আপনার বিশ্বস্ত,

১৭-৫-২০২০

আহমেদ শিবলী

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৭৬৬৭৯

নম্বর: ৩৭.০০.০০০০.১২৫.০২.০০১.২১.২০/১(১৩)

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪৩০
১৭ মে ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
- ২) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৫) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৭) উপাচার্য, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ৮) প্রকল্প পরিচালক, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন, সিলেট।
- ৯) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১০) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১১) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৭-৫-২০২০

আহমেদ শিবলী

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)